

Times Today BD

সিনিয়র রিপোর্টার | রাজনীতি | 09 May, 2025

গণহত্যার বিচার ও আওয়ামী লীগ নিষিদ্ধের দাবিতে বিক্ষোভ মিছিল করেছে গণঅধিকার পরিষদ। মিছিলটি রাজধানীর পুরানা পল্টন থেকে বের হলে প্রথমে বাধা দেয় পুলিশ। সেই বাধা উপেক্ষা করে মিছিল নিয়ে সামনে এগিয়ে যান দলটির নেতাকর্মীরা।

শুক্রবার (৯ মে) রাজধানীর পুরানো পল্টনের বিক্ষোভ মিছিলে নেতৃত্ব দেন দলটির সভাপতি নুরুল হক নূর।

সরেজমিনে দেখা যায়, জুমার নামাজ শেষে গণপরিষদ অধিকারের নেতারা বিক্ষোভ মিছিল বের করেন। পুরানা পল্টন থেকে গুলিস্তানের দিকে যাওয়ার সময় তারা পুলিশি বাধার সম্মুখীন হন। এ সময় উত্তেজনাকর পরিবেশ সৃষ্টি হয়। নেতাকর্মীরা পুলিশকে ধাক্কা দিয়ে সামনে এগিয়ে যান। পুলিশ কেন বাধা দিল, সেই কারণে অনেক নেতাকর্মী ক্ষিপ্ত হয়ে পুলিশ সদস্যদের উদ্দেশ্য করে অনেক কিছু বলতে শোনা যায়। মারমুখী পরিবেশ সৃষ্টি হয়। পরে দলটির সভাপতি ও সাধারণ সম্পাদক পরিস্থিতি নিয়ন্ত্রণে আনেন।

পরবর্তী সময়ে পুলিশ সরে গেলে বিক্ষোভ মিছিলটি গুলিস্তান জিরো পয়েন্ট হয়ে পুরানা পল্টনে এসে শেষ হয়।

বিক্ষোভ মিছিলে দলের সাধারণ সম্পাদক রাশেদ খানসহ সিনিয়র নেতারা উপস্থিত ছিলেন।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:24

URL: <https://www.timestodaybd.com/politics/7758072194>